

# অর্ধেক শিক্ষকই অদক্ষ, শিক্ষা সূচকে দক্ষিণ এশিয়ায় সর্বনিম্ন বাংলাদেশ

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ন্যূনতম দক্ষতাসম্পন্ন শিক্ষকের হারে সবচেয়ে পিছিয়ে রয়েছে বাংলাদেশ। ইউনেসকো প্রকাশিত সর্বশেষ বিশ্ব শিক্ষা পরিসংখ্যানে এমন তথ্য উঠে এসেছে। পরিসংখ্যান অনুযায়ী, দেশের মাধ্যমিক স্তরে গড়ে ৫৫ শতাংশ শিক্ষক নির্ধারিত ন্যূনতম দক্ষতার মান পূরণ করেছেন।

প্রতিবেদনে দেখা যায়, দেশের মাধ্যমিক পর্যায়ে গড়ে প্রায় ৫৫ শতাংশ শিক্ষক নির্ধারিত ন্যূনতম মানদণ্ড পূরণ করেন।

এই মানদণ্ড নির্ধারণ করা হয়েছে মূলত দুটি ভিত্তিতে—সংশ্লিষ্ট স্তরে পাঠদানের উপযোগী প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা রয়েছে কি না।

বাংলাদেশে নিম্ন মাধ্যমিক পর্যায়ে এই হার ৫৪ দশমিক ৭ শতাংশ এবং উচ্চ মাধ্যমিকে ৫৫ দশমিক ২ শতাংশ। তুলনামূলকভাবে মালদ্বীপে দক্ষ শিক্ষকের হার ৯৮ দশমিক ৫ শতাংশ, যা দক্ষিণ এশিয়ায় সর্বোচ্চ। এ তালিকায় এরপর রয়েছে ভুটান, নেপাল, ভারত, শ্রীলঙ্কা ও পাকিস্তান, যারা সবাই বাংলাদেশের চেয়ে এগিয়ে।

অন্যদিকে বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর ২০২৪ সালের তথ্য বলছে, ইংরেজি পড়ানো শিক্ষকদের মধ্যে মাত্র ১৬ দশমিক ৯৯ শতাংশের ইংরেজিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে। গণিতে এ হার আরো কম, ১৪ দশমিক ৬৬ শতাংশ, যা বিষয়ভিত্তিক দক্ষতার ঘাটতি স্পষ্ট করে।